

মেয়র কার্যালয়
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ- ২৩ ফাল্গুন, ১৮২৭ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

আমাদের সকল কার্যক্রমই ঢাকাবাসীর সেবা নিশ্চিত করার লক্ষ্যে: ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সকল কার্যক্রমই ঢাকাবাসীর সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়ন করা হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

আজ (সোমবার) সকালে নগরীর যোগীনগর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে ডিএসসিসি কর্তৃক বাস্তবায়িত সপ্তাহব্যাপী বিনামূল্যে প্রাথমিক চিকিৎসা সেবা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস এ কথা বলেন।

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "আমরা প্রত্যেকটা ওয়ার্ডে অন্তর্বর্তীকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র (এসটিএস) নির্মাণ করছি এবং সেখান থেকে বর্জ্য অপসারণে যে ব্যবস্থাপনা, সেটা আমরা নিশ্চিত করছি। আমরা মশক নিয়ন্ত্রণ করছি, প্রতিটি ওয়ার্ডে সামাজিক অনুষ্ঠান কেন্দ্র নির্মাণ করছি। আমরা ওয়াসার কাছ থেকে খালগুলো নিজেদের আওতায় নিয়ে সেগুলো পরিষ্কার করে চলেছি। খাল ও বস্ত্র কালভার্ট হতে ইতোমধ্যে ২ লক্ষ মেট্রিক টন বর্জ্য-পলি অপসারণ করেছি। ফলে, আজকে খালগুলোতে পানি প্রবাহিত হচ্ছে। আমরা নর্দমা পরিষ্কার করেছি। একইভাবে আমাদের জলাবদ্ধতা নিরসনে অবকাঠামো উন্নয়নের কার্যক্রম দ্রুতগতিতে চলমান রয়েছে। একইভাবে আমরা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণেও নানাবিধ উদ্যোগ গ্রহণ করে চলেছি। এরই ধারাবাহিকতায় আজকের এই আয়োজন। আর আমাদের সকল উদ্যোগ ও কার্যক্রমই ঢাকাবাসীর সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়ন করা হচ্ছে।"

এ প্রসঙ্গে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস আরও বলেন, "আমাদের একটিই লক্ষ্য, আমাদের লক্ষ্য হলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়ন করা। সে লক্ষ্যে আমাদের প্রাণপ্রিয় নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ করে চলেছেন। তাঁর নেতৃত্বে আজকে মাত্র ১২ বছরের মাথায় আমরা পদ্মা সেতু নির্মাণের সক্ষমতা অর্জন করেছি, বিদ্যুৎ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছি। আজকে আমাদের মাথাপিছু আয়ের পরিমাণ যেমনি বেড়েছে তেমনি সারাবিশ্ব আমাদেরকে মর্যাদার সাথেই দেখছে। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সকল প্রতিকূলতা অতিক্রম করে উন্নয়নের নজির সৃষ্টি করেছি, উদাহরণ সৃষ্টি করেছি।"

এ প্রসঙ্গে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস আরও বলেন, "যেমনি জাতির পিতা একটি পরাধীন জাতিকে ৩০ বছরেরও কম সময়ের মধ্যে স্বাধীনতা এনে দিয়েছে, যেমনি তাঁরই সুযোগ্য কন্যা ১২ বছরের মাথায় নিম্ন আয়ের দেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করেছেন। সুতরাং চ্যালেঞ্জের মধ্যেই অর্জন করার সেই নজির, সেই উদাহরণ আমাদের রয়েছে।"

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "আমাদের জনবলের দুর্বলতা রয়েছে, আমাদের সক্ষমতার দুর্বলতা ছিল। কিন্তু আমরা তা চ্যালেঞ্জ হিসেবে নিয়ে কাজ করে চলেছি। জনগণের যে সমর্থন আছে, সহায়তা রয়েছে, তাতে আমরা এই চ্যালেঞ্জেও সফল হবো, ইনশাআল্লাহ।"

নতুন প্রজন্মের জন্য খেলার উপযোগী মাঠের সংস্থান করা হচ্ছে জানিয়ে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এই মাঝে ৪২ নম্বর ওয়ার্ডের লক্ষ্মীবাজারে আমাদের দখলকৃত সম্পত্তি আমরা দখলমুক্ত করে সেখানে আমাদের সন্তানদের জন্য খেলার উপযোগী পরিবেশ সৃষ্টি করেছি। আগামী বুধবার সেটা উদ্বোধন করা হবে।" এছাড়াও ডিএসসিসি মেয়র প্রতিটি ওয়ার্ডের একটি করে খেলার মাঠ সৃষ্টিতে অন্যান্য কার্যক্রম তুলে ধরেন।

ডিএসসিসির উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তার সঞ্চালনায় অনুষ্ঠানে করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এ বি এম আমিন উল্লাহ নুরী স্বাগত বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ৩৮ নম্বর ওয়ার্ডের স্থানীয় কাউন্সিলর ও সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর এবং ৪১ নম্বর ও ৪৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলরবৃন্দ, স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, এ কার্যক্রমের আওতায় আজ ৮ মার্চ থেকে ১০ মার্চ পর্যন্ত করপোরেশনের ১ নম্বর ওয়ার্ড হতে ৩৮ নম্বর ওয়ার্ডে এবং বাকি ওয়ার্ডগুলোতে ১১, ১৩ ও ১৪ মার্চে বিনামূল্যে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হবে।

সংশ্লিষ্ট ওয়ার্ডগুলোতে প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত বিনামূল্যে সেবা প্রদান করা হবে। সে জন্য গঠিত প্রতিটি টিমে একজন চিকিৎসক, একজন প্যারামেডিক্স ও একজন সাহায্যকারী রয়েছে।

ধন্যবাদসহ



মোঃ আবু নাছের

জনসংযোগ কর্মকর্তা, ডিএসসিসি

মোবাইল-০১৯১৪০২১১৬৪